

সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সংসং ই-১/ সংসং ই-২
নথি
ডায়েরি নং
তারিখ 26/01/2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সওজ গেজেটেড সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং- ৩৫.০০.০০০০.০২২.০৩২.১৬.১৯- ৬৩

তারিখঃ ২৬/০১/২০২১ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৯/০৫/২০১৯ তারিখের ৮০.১০১.০৩৬.০১.০০.০০১.২০১৮- ৭২ সংখ্যক স্মারকের সুপারিশ মোতাবেক জনাব রানা দেব (রেজিঃ নম্বর- ৩০৬৩৪৭), পিতা- সন্তোষ দেব, মাতার নাম- পান্না দেব, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- বালাঘাটা হিন্দুপাড়া, ডাকঘর- বান্দরবান, থানা/উপজেলা- বান্দরবান সদর, জেলা- বান্দরবান বর্তমান ঠিকানাঃ ১৭৯/১৮৯ নবগ্রহ বাড়ি, লালদিঘির পশ্চিমপাড়, কোতোয়ালী, চট্টগ্রাম- কে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তরে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত ২২০০০- ৫৩০৬০/- টাকা স্কেলে রাজস্ব খাতভুক্ত (স্থায়ী) “সহকারী বৃক্ষপালনবিদ” পদে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:


শর্তাবলী

- তাকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- তাকে ০২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- উপানুচ্ছেদ (ক)- এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন ও শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;
- চাকরিতে যোগদানের সময় তাকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন- জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন, তবে প্রদত্ত বেতন- ভাতা এবং চাকরিকালে গৃহীত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ফেরত দিতে বাধ্য থাকবেন;
- তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য- কাজে অনুপস্থিত থাকেন, তবে তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- যদি তিনি কোনো বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি- বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি- বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ- বিধি অনুযায়ী সকল স্থাবর- অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগে জমা দিতে হবে;
- এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

২। উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৪/০২/২০২১ তারিখের মধ্যে এ বিভাগে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোহাম্মাদ শের মাহবুব মুরাদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৮৫২৫৭

নং- ৩৫.০০.০০০০.০২২.০৩২.১৬.১৯- ৬৩/১(১৪)

তারিখঃ ২৬/০১/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭
- ০৪। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ০৫। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব(সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ০৭। উপ- পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী প্রকাশের অনুরোধসহ)
- ০৮। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এমআইএস এন্ড এস্টেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ১০। প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। জনাব রানা দেব (রেজিঃ নম্বর- ৩০৬৩৪৭), পিতা- সন্তোষ দেব, মাতার নাম- পান্না দেব, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- বালাঘাটা হিন্দুপাড়া, ডাকঘর- বান্দরবান, থানা/উপজেলা- বান্দরবান সদর, জেলা- বান্দরবান
বর্তমান ঠিকানাঃ ১৭৯/১৮৯ নবগ্রহ বাড়ি, লালদিঘির পশ্চিমপাড়, কোতোয়ালী, চট্টগ্রাম
- ১৩। অফিস কপি/মাস্টার কপি